যুগান্তর

তারিখ 16 NOV 2006
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পরীক্ষা অনিশ্চিত
# সিলেবাস শেষ করতে পারেনি অনেকে

যুগান্তর রিপোর্ট

দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষা জট লেগেছে। বারবার পিছিয়েও স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও চূড়ান্ত পরীক্ষার সুনির্দিষ্ট তারিখ নির্ধারণে ব্যর্থ হচ্ছে কর্তৃপক্ষ। ইতিমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব পরীক্ষা ১৮ নভেম্বর ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ১৯ নভেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। আগামীকাল বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ভর্তি পরীক্ষা বুয়েট ক্যাম্পাসে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

বুধবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুসলে
আলম চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে
পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিতের কথ
জানানো হয়। একই দিন দেশের ১৪টি
মেডিকেল কলেজে একযোগে ভর্তি পরীক্ষ
অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ১০ নভেম্বর এ
পরীক্ষা হওয়ার কথা ছিল। প্রশ্নপত্র ফাঁসের
খবরে পরীক্ষার তারিখ পিছিয়ে নতুন করে
প্রশ্ন করা হয়। চলতি বছর ২০৬০টি আসনে
২৪ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। তবে

## পরীক্ষা : অনিশ্চিত

(শেষ পৃষ্ঠার পর)

পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে কিনা বুধবার বিকেল
র্যন্ত তা নিশ্চিত করে বলতে পারেননি স্বাস্থ্য
ধিদফতরের পরিচালক মেডিকেল এডুকেশন
ফেসর ডা. খন্দকার মোঃ শেফায়েতউল্লাহ।
নি বলেন, অবরোধ না থাকলে পরীক্ষা হবে
ন্যথায় পরীক্ষা স্থগিত করা হবে। তিনি বলেন,
জধানীর তিনটি মেডিকেল কলেজ— ঢাকা,
্যার সলিমুল্লাহ ও বেগম খালেদা জিয়া
ডিকেল কলেজের পরীক্ষা যথাক্রমে ঢাকা
শ্ববিদ্যালয়, ইডেন কলেজ ও তেজগাঁও
লেজে অনুষ্ঠিত হওয়ার কথা। অবরোধ
ব্যাহত থাকলে ওইসব প্রতিষ্ঠানের পরবর্তীতে
ন্যু খুব সহজে পাওয়া যাবে না। কারণ
াদেরও অনেক পরীক্ষা নেয়া বাকি আছে।
লে যেদিন ফাঁকা পাওয়া যাবে সেদিনই
ডিকেল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
তুনভাবে তৈরি প্রশ্নপত্রে পরীক্ষা হবে বলে
নি জানান।

কা বিশ্ববিদ্যালয়ে আগামী ১, ৮, ১৫ ও ২২
সেম্বর যথাক্রমে গ, খ, ক ও ঘ ইউনিটের
বং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৯ ডিসেম্বর
র্তি পরীক্ষা হওয়ার কথা রয়েছে।

শজুড়ে ১৪ দল আহূত চলমান লাগাতার
বরোধ ও রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে
রীক্ষা নিয়ে এ অবস্থার সৃষ্টি হয়েছে। বহু
তিষ্ঠানে এখন ভেন্যু না পাওয়ায় সমস্যা দেখা
য়েছে। বারবার পরীক্ষা পিছিয়ে যাওয়া ও
রীক্ষার সঠিক তারিখ নিয়ে অনিশ্চয়তার
রণে হাজার হাজার ছাত্রছাত্রী ও তাদের
ভিভাবকরা ভীষণ দুশ্চিন্তায় ভুগছেন। পরীক্ষা
র্ধারিত সময়ে আদৌ অনুষ্ঠিত হবে কিনা তা
শ্চিত করে বলতে পারছেন না সংশ্লিষ্ট
তিষ্ঠানগুলোর কর্তাব্যক্তিরা। বুধবার দেশব্যাপী
গাতার অবরোধের ৪র্থ দিন অতিবাহিত
য়েছে।

দকে নভেম্বর ও ডিসেম্বর মাসে সারাদেশে
লে ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবছর
রোধী দলের রাজনৈতিক নানা কর্মসূচি,
তাল, অবরোধের কারণে হাজার হাজার

অনেক প্রতিষ্ঠানে সিলেবাস শেষ না হ
পরীক্ষার তারিখ এখনও চূড়ান্ত করা সম্ভব
না। বিভিন্ন কলেজেও একই অবস্থা।
পরীক্ষা আটকে আছে।

রাজধানীর নামিদামি স্কুলে এখন ভর্তির মৌ
ইতিমধ্যেই রাজধানীর খ্যাত
ভিকারুননিসাসহ বেশক'টি স্কুলে আবেদ
দেয়া হয়েছে। আবেদনপত্র কিনতে গভীর র
লাইন দিয়েছেন অভিভাবকরা। আবেদ
কেনা নিয়ে হাতাহাতির ঘটনাও ঘটেছে।
এসব প্রতিষ্ঠানে কবে নাগাদ পরীক্ষা হবে
নিশ্চিত করে বলতে পারছেন না সং
প্রতিষ্ঠানের কর্তাব্যক্তিরা। নাম প্রকাশ না ক
শর্তে রাজধানীর একটি খ্যাতনামা প্রতিষ্ঠা
অধ্যক্ষ এ প্রতিবেদককে বলেন, রাজনী
কারণে শিক্ষাঙ্গনের বিরাট ক্ষতি হয়ে গেল।